ইত্তেফাক

তারিখ ৮।১২।৮২
পৃষ্ঠা ২ কলাম ১

052

# প্রাথমিক শিক্ষকদের দাবীর সমর্থনে জামাতের মিছিল

(ইত্তেফাক রিপোর্ট)

প্রাথমিক শিক্ষকদের ন্যায়-সংগত দাবী-দাওয়ার সমর্থনে গতকাল (বৃহস্পতিবার) বিকালে বায়তুল মোকাররম প্রাঙ্গণে জামাতে ইসলামী ঢাকা মহানগরী শাখার উদ্যোগে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল শহরের বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে।

সমাবেশে বক্তারা আলাপ-আলোচনার মাধ্যমে শিক্ষকদের দাবীসমূহ মানিয়া লওয়ার জন্য সরকারের প্রতি আহবান জানান। শিক্ষকদের দাবী আদায় না হওয়া পর্যন্ত শিক্ষকদের সহিত জামাতে ইসলামীর কর্মীরা ঐক্যবদ্ধ আন্দোলন চালাইয়া যাইবে বলিয়া জামাত মহানগর শাখার সভাপতি জনাব মতিউর রহমান নিজামী ও নগর সম্পাদক জনাব আলী আহছান মোজাহেদী সমাবেশে ঘোষণা করেন। সমাবেশে প্রস্তাব পাঠ করেন অধ্যাপক আবুল-কালাম আজাদ।